



# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website : www.nmst.gov.bd

নংঃ ৩৯.৪১০.০৯৯.০৩.০০.০০৫.২০১০-৮ ১৩ (২০০)

তারিখঃ ০৩/০২/২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ত্রৈমাসিক প্রকাশনা 'নবীন বিজ্ঞানী'র জন্য প্রবন্ধ প্রেরণ।

দেশব্যাপী বিজ্ঞানকে জনপ্রিয় করা এবং বিজ্ঞান সচেতন সমাজ ও দেশ গড়ার লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃপক্ষ 'নবীন বিজ্ঞানী' নামে একটি ত্রৈমাসিক পত্রিকা প্রকাশ করছে। উক্ত পত্রিকায় বিজ্ঞানের নানা বিষয়ে তথ্যপূর্ণ প্রবন্ধ, প্রখ্যাত বিজ্ঞানীদের জীবনী ও লেখা, বিভিন্ন প্রতিষ্ঠান ও বিজ্ঞান ক্লাবের সংবাদ এবং বিজ্ঞানের খবরা-খবর প্রকাশিত হয়। এই ত্রৈমাসিকের পরবর্তী সংখ্যা আগামী মার্চ, ২০১৫ এর শেষার্ধ্বে প্রকাশিত হবে। প্রকাশিতব্য ত্রৈমাসিকটিতে তার এবং তার সহকর্মীদের জ্ঞানগর্ভ মতামত এবং সুচিন্তিত গবেষণালব্ধ তথ্য সমৃদ্ধ লেখা পেলে তরুণদের জন্য প্রকাশিত এই পত্রিকাটি আকর্ষণীয় ও তথ্যবহুল হবে। প্রকাশনার জন্য প্রেরিত রচনা দুই থেকে তিন হাজার শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে পারলে যুগ্মে সুবিধা হবে। লেখা বিজ্ঞানের যেকোন বিষয়ে হতে পারে। সংযোজনযোগ্য ছবি থাকলে তা লেখার সাথে সরবরাহ করতে হবে। ছবিটি হাতে আঁকা হলে তা পৃথক কাগজে চাইনিজ কালিতে সুন্দরভাবে ঐকে পাঠাতে হবে। প্রচলিত নিয়ম অনুসরণ করে সম্পাদনার কাজ সম্পন্ন হবে।

'নবীন বিজ্ঞানী' নামক ত্রৈমাসিকটি দেশের বিভিন্ন বিজ্ঞানসেবী প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, বিজ্ঞান ক্লাব ও বিভিন্ন দপ্তরে প্রেরণ করা হয়।

এমতাবস্থায়, মহোদয়ের বা তার সহকর্মীদের নিকট থেকে এ প্রকাশনার জন্য তথ্যনির্ভর ও আকর্ষণীয় রচনামূলক সমৃদ্ধ লেখা প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো। চলতি প্রকাশনার জন্য প্রবন্ধ প্রেরণের ধার্য সময় ১৫ মার্চ ২০১৫।

বিষয়টি নিয়ে মহোদয়ের ব্যক্তিগত উদ্যোগ কাম্য।

*Handwritten signature and date: 9/2/15*

আপনার বিশ্বস্ত,

*Handwritten signature of Swapan Kumar Ray*

(স্বপন কুমার রায়)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ৯১১২০৮৪/ফ্যাক্সঃ ৯১১৪৮৩১

ই-মেইলঃ www.infonmst@gmail.com

## বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/জ-৬/রে- ৪৯৬৫ (৫০)

তারিখঃ ২৬/০২/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

- ১। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল ইনস্টিটিউট/সেন্টার-এর পরিচালকবৃন্দ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। গার্ড ফাইল/ব-৬।

*Handwritten signature of Prof. Dr. A. K. M. Masud*

(প্রফেসর ডঃ এ কে এম মাসুদ)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

*Handwritten signature*

*Handwritten initials*